দৈনিক সংবাদ

তারিখ ........

পৃষ্ঠা ... কলাম ...

AUG 08 2002

### তদন্ত কমিশনে আরও ৪ কর্মচারীর সাক্ষ্য

# রাতে হলে পুরুষ পুলিশ ঢুকে ছাত্রীদের লাঠিপেটা করেছে

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** শামসুন্নাহার হলের ৪ কর্মচারী ২৩শে জুলাই রাত ১০টায় হলে পুরুষ পুলিশ ঢোকা এবং ছাত্রীদের ওপর লাঠিচার্জের ঘটনা ঘটেছে বলে বুধবার তদন্ত কমিশনকে জানিয়েছে। বুধবার নায়েম ভবনে বিচার বিভাগীয় তদন্ত কমিশনের কাছে এই ৪ কর্মচারী, শামসুন্নাহার হলের ২ হাউস টিউটর এবং পুলিশের আইজি মোদাব্বির হোসেন চৌধুরী, ডিসি (সাউথ) আকবর আলী এবং অতিরিক্ত পুলিশ কমিশনের জহুরুল হক সাক্ষ্য দেন।

৪ কর্মচারী কমিশনকে জানায়, তারা হলে ওই রাত ৩টায় পুরুষ পুলিশের একটি দলকে গেট ভেঙে হলে প্রবেশ করতে এবং ছাত্রীদের ওপর নির্বিচারে লাঠিচার্জ করতেও দেখেছে। ২ হাউস টিউটর শামসুন্নাহার বেগম চাঁপা এবং সুনীতি বিশ্বাস সাক্ষ্যদানকালে ওই রাতে হলে পুরুষ পুলিশ ঢোকার কথা জানায়। তবে,তারা লাঠিচার্জ হয়েছে কিনা সে সম্পর্কে কিছু জানাননি।

এদিকে পুলিশের আইজি, ডিসি (সাউথ) এবং অতিরিক্ত পুলিশ কমিশনার তদন্ত কমিশনকে দেয়া সাক্ষ্যের ব্যাপারে সাংবাদিকদের কিছু বলতে অস্বীকৃতি জানান। তবে পুলিশের আইজি মোদাব্বির হোসেন চৌধুরী সাংবাদিকদের বলেন, বিচার বিভাগীয় তদন্ত কমিশন যদি পুলিশের কোন সদস্যকে দোষী সাব্যস্ত করে তাহলে অবশ্যই তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।